সমকাল

তারিখ · 08 · MAR ·· 2016 ·· ···
··· ··· ··· কলাম····· ··· ·······

# দেশের সমস্যা সমাধানে প্রয়োজন নিজস্ব প্রযুক্তি

—————— শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নিজেদের জ্ঞান, দক্ষতা দিয়ে দেশের বিভিন্ন সমস্যা সমাধান করতে হবে। নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবন করতে হবে। বিশ্বায়নের এ যুগে টিকে থাকতে হলে বিশ্বমানের জ্ঞান, দক্ষতা অর্জনের কোনো বিকল্প নেই।

গতকাল সোমবার ঢাকায় ব্যানবেইস মিলনায়তনে ইউনেস্কো পার্টিসিপেশন প্রোগ্রামের সমাপনী অনুষ্ঠানে বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন।

অনুষ্ঠানে ২০১৪-১৫ সালে ইউনেস্কোর অর্থায়নে বাস্তবায়িত ৫টি প্রকল্পের ওপর তথ্যচিত্র উপস্থাপন করা হয়। ইউনেস্কোর এক কোটি টাকা সহায়তায় বাস্তবায়িত এ ৫টি প্রকল্পের মধ্যে রয়েছে- কলেজ শিক্ষকদের প্রশিক্ষণ ম্যানুয়েল প্রকাশ, বেসরকারি কলেজের গ্রন্থাগারিকদের প্রশিক্ষণ, রাজধানীর অদূরে সাভারে বংশী নদী রক্ষায় শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ, পালা গানের মাধ্যমে সুনামগঞ্জে নারীর অধিকার রক্ষা আন্দোলন এবং লোকসঙ্গীত শিল্পী আবদুল আলীমের জীবন ও কর্মের ওপর গবেষণা।

অনুষ্ঠানে শিক্ষা সচিব মো. সোহরাব হোসাইন, ঢাকায় ইউনেস্কো কার্যালয়ের প্রোগ্রাম স্পেশালিস্ট কিচি ইয়াসো ও বাংলাদেশ-ইউনেস্কো জাতীয় কমিশনের সচিব মো. মনজুর রহমান বক্তৃতা করেন।